# ALL INDIA RADIO
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 07.10.2023** **Time: 7.50 P.M.**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) রাজ্যে একশো দিনের কাজের প্রকল্পে সব ভুয়ো জবকার্ড বাতিল করা হবে বলে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী সাধ্বী নিরঞ্জন জ্যোতি মন্তব্য করেছেন।

বিজেপি, পুজোর পর প্রধানমন্ত্রী আবাস যোজনায় বঞ্চিত লক্ষাধিক মানুষকে নিয়ে কলকাতায় মিছিল করবে – ঘোষণা বিরোধী দলনেতার।

২) একশো দিনের কাজ ও আবাস যোজনার মত প্রকল্পে রাজ্যের দাবি দাওয়া নিয়ে দার্জিলিং-এ রাজ্যপালের সঙ্গে সাক্ষাত্ তৃণমূল কংগ্রেসের প্রতিনিধি দলের।

একশো দিনের টাকা বন্ধ করে দেওয়া যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় আঘাত - বলেছেন প্রাক্তন অর্থমন্ত্রী অমিত মিত্র।

৩) সিকিমে প্রাকৃতিক বিপর্যয়ে এখনও পর্যন্ত ৬৯ জন প্রাণ হারিয়েছেন। কেন্দ্রীয় সরকার, সিকিমের পাশে দাঁড়ালেও দার্জিলিং ও কালিম্পং-এ ক্ষয়ক্ষতিতে কেন সহায়তা মেলেনি, প্রশ্ন মুখ্যমন্ত্রীর।

৪) কোর বা বাফার অঞ্চল নয়, জঙ্গলের যেকোনো জায়গায় বাঘের হামলায় মৃত্যু হলে পরিবার বা নিকট আত্মীয়কে আর্থিক সহায়তার নির্দেশ কলকাতা হাইকোর্টের।

৫) আইএস এল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট আজ চেন্নাইয়ান এফ সি –র মুখোমুখি হচ্ছে।

------------------------------------------------------------------------------------------------

রাজ্যে ১০০ দিনের কাজের প্রকল্পে অবিলম্বে সব ভুয়ো জব কার্ড বাতিল করতে হবে বলে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী সাধ্বী নিরঞ্জন জ্যোতি স্পষ্ট জানিয়েছেন। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, ২০১৯ সাল থেকে এই প্রকল্প নিয়ে তার কাছে বিস্তর অভিযোগ এসেছে। এরপর কেন্দ্রীয় সরকার একাধিকবার এই দুর্নীতির তদন্তের নির্দেশ দিয়ে রাজ্য সরকারকে চিঠি দিলেও কোনো ফল হয়নি। শুধুমাত্র পূর্ব বর্ধমান এবং হুগলি জেলাতেই চার কোটি টাকার দুর্নীতি হয়েছে বলে কেন্দ্রীয় পর্যবেক্ষক দল রিপোর্ট দিয়েছে।

দিল্লিতে তৃণমূল কংগ্রেসের প্রতিনিধিদের সঙ্গে তিনি দেখা করেননি বলে যে অভিযোগ উঠেছে তা খারিজ করে দিয়ে মন্ত্রী বলেন, গত মঙ্গলবার কৃষি ভবন থেকে তিনি পালিয়ে যাননি। সমস্ত তথ্যপ্রমাণ নিয়েই তিনি কলকাতায় এসেছেন। শাসকদলের নেতাদের সঙ্গে কলকাতার যেকোনো জায়গায় বৈঠক করতে তিনি প্রস্তুত।

বাইট

--------------------

বিজেপি, পুজোর পর প্রধানমন্ত্রী আবাস যোজনায় বঞ্চিতদের নিয়ে কলকাতায় সমাবেশ করবে। আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, লক্ষাধিক মানুষের ঐ সমাবেশে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রীকেও উপস্থিত থাকতে আমন্ত্রণ জানানো হয়েছে। পাশাপাশি একশো দিনের কাজের প্রকল্পে প্রকৃত ও

ভুয়ো জবকার্ড থাকা ব্যক্তিদের চিহ্নিত করতে বিশেষ টিমকে দিয়ে পর্যালোচনা করার জন্য তিনি কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর কাছে আর্জি জানিয়েছেন। তৃণমূল কংগ্রেস, রাজ্যের বিভিন্ন দুর্নীতি থেকে নজর ঘোরাতে ধর্ণার নামে নাটক করছে।

বাইট

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী দেখা করেন নি বলে তৃণমূল কংগ্রেস যে অপবাদ দিচ্ছে, তার জন্য ঐ দলের ক্ষমা চাওয়া উচিত বলে শুভেন্দু বাবু মন্তব্য করেন।

দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার, রাজভবন ও কলকাতা হাইকোর্ট সংলগ্ন এলাকায় তৃণমূল কংগ্রেসের বিক্ষোভ কর্মসূচী নিয়ে প্রশ্ন তুলেছেন। ঐ এলাকাগুলিতে ১৪৪ ধারা জারি থাকলেও পুলিশ কিভাবে ঐ কর্মসূচীতে অনুমতি দেয়, তা নিয়েও বিস্ময় প্রকাশ করেন তিনি।

এদিকে, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ধর্ণা কর্মসূচীকে কটাক্ষ করেছেন সিপিআইএম এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী।

বাইট

---------------------

কেন্দ্রীয় প্রকল্পের বঞ্চনার অভিযোগে রাজভবনের উত্তর গেটের সামনে ধর্ণা অবস্থান মঞ্চ থেকে বিজেপি সরকারের কড়া সমালোচনা করেছেন, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। আজ এই ধর্ণা কর্মসূচী তিনদিনে পড়লো। রাজ্যপাল সি ভি আনন্দ বোস, কলকাতায় রাজভবনে ফেরা পর্যন্ত তিনি ধর্ণা চালিয়ে যাবেন বলে অভিষেক আগেই ঘোষণা করেন। কেন্দ্রীয় গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী সাধ্বী নিরঞ্জন জ্যতের  সঙ্গে সাক্ষাতের বিষয়ে ধর্ণা মঞ্চ থেকে অভিষেক বলেন,

বাইট

এদিকে, একশো দিনের কাজের বকেয়া মেটানোর দাবিতে আজ কোচবিহারের ক্ষুদীরাম মূর্তির পাদদেশে অবস্থান বিক্ষোভ করেছে যুব তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকরা। কোচবিহারের রাসমেলা ময়দান থেকে পদযাত্রা শুরু হয়।

--------------------

রাজ্যপাল সি ভি আনন্দ বোস রাজ্য সরকারের দাবি দাওয়া সম্পর্কে ওয়াকিবহাল। সে বিষয়ে তিনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে যতটা সম্ভব আলোচনা করবেন বলে তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় আজ জানিয়েছেন। একশো দিনের কাজ ও আবাস যোজনা প্রকল্পে রাজ্যের বকেয়া পাওনা নিয়ে তৃণমূল কংগ্রেসের তিন সদস্যের দল আজ দার্জিলিং রাজভবনে রাজ্যপালের সঙ্গে সাক্ষাত করেন। কল্যাণ বাবু ছাড়াও ছিলেন সাংসদ মহুয়া মৈত্র ও রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার। পরে সাংবাদিকদের কাছে কল্যাণ বন্দ্যোপাধ্যায় বলেন,

বাইট

এদিকে, রাজ্যপাল সি ভি আনন্দ বোস আজ দিল্লী থেকে দার্জিলিং পৌঁছলে শাসকদলের নেতাকর্মীদের বিক্ষোভের মুখে পড়েন। প্রথমে বাগডোগরা, পরে মাটিগাড়া এবং তারপর শিলিগুড়ি গেস্টহাউসের সামনে তাঁকে কালো পতাকা দেখানো হয়।

--------------------

কেন্দ্রীয় সরকার আইনের তোয়াক্কা না করে একশো দিনের কাজের প্রকল্পে রাজ্যের প্রায় ৬ হাজার কোটি টাকার বেশি বকেয়া রেখে গ্রামীণ কর্ম সংস্থানের পথ বন্ধ করে দিয়েছে বলে প্রাক্তন অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা অমিত মিত্র অভিযোগ

করেছেন। কেন্দ্রীয় সরকার যুক্তরাষ্ট্রীয় কাঠামো ও গণতন্ত্র ধ্বংস করছে বলেও সাংবাদিক বৈঠকে মন্তব্য করেন তিনি।

বাইট

রাজনৈতিক উদ্দেশে কেন্দ্রীয় সংস্থার ব্যবহার, বহু স্বেচ্ছাসেবী সংগঠনের লাইসেন্স অনৈতিকভাবে বাতিল করে দেওয়া হচ্ছে বলে তাঁর অভিযোগ।

--------------------

রাজ্যে আসন্ন বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে নতুন বিনিয়োগ টানার পাশাপাশি পুরনো লগ্নির সর্বশেষ পরিস্থিতিও তুলে ধরবে রাজ্য সরকার। গত ১২ বছরে রাজ্যে কি পরিমাণ বিনিয়োগ এসেছে, তাও বিস্তারিত আকারে প্রকাশ করা হবে। প্রতিটি দপ্তরের অধীনে কি পরিমাণ প্রকল্প রূপায়ন হয়েছে এবং তাতে কত কর্ম সংস্থান হল, সেই তথ্যও নির্দিষ্ট বয়ানে জানাতে বলা হয়েছে। এদিন বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের প্রস্তুতি নিয়ে নবান্নে মুখ্যমন্ত্রীর প্রধান আর্থিক উপদেষ্টা অমিত মিত্রর পৌরোহিত্যে এক বৈঠক বসে। সেখানে এই সম্মেলন আয়োজনের অগ্রগতি পর্যালোচনা করা হয়। বিভিন্ন দপ্তরের সচিবরা নিজেদের পরিকল্পনা তুলে ধরেন।

উল্লেখ্য, এবছর ২১ ও ২২ শে নভেম্বর বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের আসর বসছে। এপর্যন্ত আয়োজিত ৬ টি সম্মেলন থেকে রাজ্যে প্রায় ১৫ লক্ষ ৭৪ হাজার ৯৪৩ কোটি টাকা বিনিয়োগ প্রতিশ্রুতি পাওয়া গেছে বলে দাবি করা হয়েছে।

--------------------

মেঘভাঙ্গা বৃষ্টিতে বিপর্যয়ের জেরে সিকিমে এখনও পর্যন্ত ৬৯ জনের মৃত্যু হয়েছে বলে জানা গিয়েছে। মৃতদের মধ্যে সাত জন সেনা জওয়ান। এর মধ্যে সিকিম থেকে

২৬ ও পশ্চিমবঙ্গের শিলিগুড়ি, জলপাইগুড়ি এবং কোচবিহার থেকে ৩০ জনের দেহ উদ্ধার হয়েছে। এখনো প্রায় দেড়শো জন নিখোঁজ। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নির্দেশে পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে বিদ্যুৎ মন্ত্রী অরূপ বিশ্বাস দার্জিলিং গেছেন।

এদিকে, প্রাকৃতিক দুর্যোগে বিধ্বংসী রূপ নেওয়া তিস্তা, ধীরে ধীরে স্বাভাবিক ছন্দে ফিরছে। নামতে শুরু করেছে নদীর জল। তিনদিন পর আজ রোদের মুখ দেখেছে উত্তরবঙ্গের মানুষ।

সিকিমে আটকে থাকা প্রায় ৫'হাজার পর্যটককে সেনাবাহিনী নীচে নামানোর কাজ শুরু করেছে। তবে, সেখানে আবহাওয়া প্রতিকূল থাকায় সকালের দিকে উদ্ধারকাজ কিছুটা ব্যহত হয়।

অন্যদিকে, শিলিগুড়ি থেকে সিকিমগামী ১০ নম্বর জাতীয় সড়কের মেরামতিতে আরো দু'সপ্তাহ সময় লাগবে বলে, পশ্চিমবঙ্গ সরকার জানিয়েছে।

---------------------

সিকিমে প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত মানুষকে কেন্দ্রীয় সরকার সাহায্য করলেও এরাজ্যের দার্জিলিং ও কালিম্পং ক্ষতিগ্রস্ত হলেও তেমন কোনো সহায়তা মেলেনি বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন। সোশ্যাল মিডিয়া এক্স হ্যান্ডেলে মুখ্যমন্ত্রী বলেন, এই দুই জেলায় প্রাকৃতিক দুর্যোগে অনেকের মৃত্যু হয়েছে। তা সত্ত্বেও এই ধরনের বৈষম্য কেন, তাতে তিনি বিস্ময় প্রকাশ করেন।

দুর্যোগের কারণে রাজ্য সরকার, গোর্খা আঞ্চলিক প্রশাসন জিটিএ-কে ২৫ কোটি টাকা দেওয়া ছাড়াও সেখানকার মানুষকে নিরাপত্তা দিতে প্রশাসনকে সর্বক্ষণ কাজ

করার নির্দেশ দেওয়া হয়েছে। প্রয়োজনে রাজ্য সরকার বন্যা বিধ্বস্ত সিকিমকে সাহায্য করেব বলেও তিনি আশ্বাস দেন।

---------------------

পিএম বিশ্বকর্মা যোজনা নিয়ে সংবাদ বিভাগের বিশেষ আলোচনার দ্বিতীয় তথা শেষ পর্ব শুনবেন আজ রাত আটটায়, গীতাঞ্জলি ও ১০৭ মেগাহার্টজ প্রচারতরঙ্গে এবং DTH বাংলায়।

এতে অংশ নিয়েছেন UCO Bank শঙ্করহাটি হাওড়া শাখার ম্যানেজার অমৃতা চক্রবর্তি, পুতুল শিল্পী সাধন পাল, মৃৎ শিল্পী তরুণ পাল ও ক্ষৌরকার তুষার প্রামাণিক। সঞ্চালনায় কল্যাণ লাহা।

---------------------

কামদুনি ধর্ষণ এবং হত্যাকান্ডে দোষীদের সাজা মকুবের প্রতিবাদে আজ পথে নামেন নির্যাতিতার পরিবারের সদস্য ও গ্রামবাসীদের একাংশ। রাজারহাট, কামদুনি রোড অবরোধ করে ঘন্টা দেড়েক তারা বিক্ষোভ দেখান। যোগ দেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার, কংগ্রেস নেতা কৌস্তভ বাগচী, সিপিআইএম-এর রমলা চক্রবর্তী, শতরূপ ঘোষ, রেখা গোস্বামী প্রমুখ।

এদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি ও সংসদ অধীর রঞ্জন চৌধুরী অভিযোগ করেছেন, রাজ্য পুলিশ ও CID কামদুনি গণধর্ষণ ও খুনের মামলায় অপরাধের নৃশংসতা প্রমাণ করার জন্য সঠিক তথ্য সরবরাহ করতে পারেনি। পুরো বিষয়টি নিয়ে, তিনি মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে চিঠি দিয়েছেন বলে খবর। চিঠিতে অধীর বাবু নির্যাতিতার পরিবারের সঙ্গে দেখা করার জন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানিয়েছেন।

---------------------

নিউটাউনের সাপুরজী আবাসনে এক তথ্য প্রযুক্তি কর্মীকে গণধর্ষণের ঘটনায় পুলিশ তিনজনকে গ্রেপ্তার করেছে। জানা গেছে, গতকাল উইকেন্ড পার্টি চলার পর মদ্যপান করে ঐ তথ্য প্রযুক্তিকর্মী তরুণীকে গণধর্ষণ করা হয়। পুলিশ টেকনো সিটি থানায় দায়ের করা অভিযোগের ভিত্তিতে তিনজনকে গ্রেপ্তার করেছে। তাদের আগামীকাল বারাসাত আদালতে তোলা হবে।

---------------------

কোর বা বাফার অঞ্চল নয়, জঙ্গলের যেকোনো জায়গায় বাঘের হামলায় কারও মৃত্যু হলে তার পরিবার বা নিকট আত্মীয়কে আর্থিক সহায়তা দিতে হবে বলে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। গত বুধবার আদালত এই মর্মে রায় দিয়েছে।

উল্লেখ্য বর্তমানে বাঘের হামলায় মৃত্যু পাঁচ লক্ষ টাকা অর্থ সাহায্য দেয় সরকার। শান্তিবালা নস্কর নামে এক মহিলা মানবাধিকার সংগঠন এপিডিআর দক্ষিণ ২৪ পরগণা জেলা কমিটি ও জয়নগর শাখার উদ্যোগে একটি মামলা দায়ের করেছিলেন। বিচারপতি সব্যসাচী ভট্টাচার্য্য নির্দেশ দেন, পরিবারকে ক্ষতিপূরণ দেওয়া ক্ষেত্রে কোনো জায়গা বিচার করা যাবেনা।

---------------------

রাজ্য সরকার, গত কয়েক বছরের মতো এবারও বিশ্বব্যাপী বিশ্ব বাংলা শারদ সম্মান দিতে চলেছে। কলকাতা, জেলা বাংলার বাইরের শহর এমনকি বিদেশের দুর্গোৎসব ও এই পুরস্কারের আওতায় আসবে বলে পর্যটন মন্ত্রী ইন্দ্রনীল সেন।

উল্লেখ্য, শ্রী সেন জানান, আগামী ২৭ সে অক্টোবর কলকাতায় পূজা কার্নিভাল এবং ২৬ সে অনুষ্ঠিত হবে জেলার কার্নিভাল।

---------------------

আইএসএল ফুটবলে, মোহনবাগান সুপারজায়ান্ট আজ তাদের তৃতীয় ম্যাচে চেন্নাইয়ান এফ সি-র মুখোমুখি হচ্ছে। মোহনবাগান প্রথম দুই ম্যাচে পাঞ্জাব এফ সি ও বেঙ্গালুরু এফ সি-কে হারিয়ে ৬ পয়েন্ট নিয়ে লিগতালিকার শীর্ষস্থানে রয়েছে।

অন্যদিকে, চেন্নাইয়িন তাদের খেলা দুটি ম্যাচে ওড়িশা এফ সি ও নর্থ ইস্ট ইউনাইটেডের কাছে পরাজিত হওয়ার ফলে এখনো কোনো পয়েন্ট সংগ্রহ করতে পারেনি। ১২ দলের লিগ তালিকায় তারা সবশেষে রয়েছে।

--------------------- ---------------------